# উপজেলা পরিষদ

বামনা, বরগুনা।

বিষয় : এপ্রিল, ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভা নম্বর : ৩১

সভাপতি : মোঃ সাইতুল ইসলাম লিটু, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বামনা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বামনা।

তারিখ : ২৭-০৪-২০২২ খ্রি.সময়: সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট “ক”এবং “খ”।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় বিগত সভার (মার্চ -২০২২) কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং জানুয়ারি ২০২২ মাসের সভার কার্যবিবরণীতে গ্রুপ নং-০৯বুকাবুনিয়া ইউনিয়নের ৪নং ওয়ার্ডের ছোটযাদবপুরা ইট সলিং রাস্তা থেকে শুরু করে জবান আলী চৌকিদার বাড়িগামী রাস্তা ইট দ্বারা সলিং করণ এর পরিবর্তে বুকাবুনিয়া ইউনিয়নে ২নং ওয়ার্ডের বড়যাদবপুরা ইট সলিং রাস্তা থেকে শুরু করে আলি দফদার বাড়ি পর্যন্ত রাস্তা ইট দ্বারা সলিং করণ এছাড়া কোন নীতি নির্ধারণী সংশোধন, পরিমার্জন, পরিবর্ধন বা পরিবর্তন না থাকায় সকলের সম্মতিক্রমে উহা অনুমোদন ও দৃঢ় করণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী অংশ গ্রহণমূলক আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | বিভাগ | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ | ১। **সভায় উপজেলা নির্বাহী অফিসার, বামনা জানান যে,** আশ্রয়ন-২ প্রকল্পের আওতায় ভূমিহীন ও গৃহহীনদের জন্য ১৬৭ টি গৃহ নির্মিত হয়েছে এবং ৪০টি গৃহ নির্মাণের কাজ চলমান। এছাড়া বামনা উপজেলায় গৃহহীন ও ভূমিহীনমুক্ত করার লক্ষ্যে নির্ধারিত ছকে তালিকা প্রণয়নের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে জানানো হয়েছে। অদ্যাবধি ভূমিহীন ও গৃহহীনদের তালিকা পাওয়া যায় নি।<br>প্রাসঙ্গিক আলোচনায়, সভাপতি উল্লেখ করেন যে, বামনা উপজেলা ০৩টি ইউনিয়নে ঘর নির্মিত হলেও সদর ইউনিয়নে খাস জমির অভাবে গৃহ নির্মিত হয় নি। এমতাবস্থায় প্রয়োজনে ক্রয়কৃত জমিতে কিছু গৃহ নির্মাণ করা যেতে পারে। উক্ত প্রস্তাবে সভা একমত পোষণ করে।<br>২। সভায় উল্লেখ করা হয় যে, চেয়ারম্যান, বামনা উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত জীপগাড়িটি প্রয়োজনীয় অর্থাভাবে দীর্ঘদিন যাবৎ মেরামত করা হয়নি। গাড়িটির ওভারহলিং করা প্রয়োজন। এজন্য বিআরটিএ পটুয়াখালী ও বরগুনা মোটরযান পরিদর্শকের সুপারিশ মোতাবেক গাড়িটি চলাচলের উপযোগী করতে সম্ভাব্য ৪,১৮,০০০/- টাকার প্রয়োজন। এজন্য উপজেলা রাজস্ব তহবিলের এ খাতের ১,০০,০০০/- টাকার অতিরিক্ত ব্যয় নির্বাহের জন্য স্থানীয় সরকার বিভাগের নিকট বরাদ্দ চাহিদা প্রদান/অনুমোদন প্রাপ্তির প্রস্তাব করা প্রয়োজন। উক্ত প্রস্তাবে সভা একমত পোষণ করা হয়।<br>৩। সভাপতি সভায় উল্লেখ করেন যে, বুকাবুনিয়া ইউনিয়নে শিংড়াবুনিয়া গ্রামে জনাব অনিল দাস এর একটি ঘর অগ্নিকান্ডে সম্পূর্ণ পুড়ে ধ্বংস হয়ে গেছে এবং তাৎক্ষণিকভাবে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ গণ্যমান্য ব্যক্তিবর্গ ঘটনাস্থল পরিদর্শন করেছেন। এমতাবস্থায়, অসহায় ও নিঃস্ব পরিবারকে উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে ৫০,০০০/- টাকা আর্থিক সহায়তা প্রদানের প্রস্তাবে সভা একমত পোষণ করা হয়। | ক) বামনা উপজেলাকে ভূমিহীন ও গৃহহীনমুল করার লক্ষ্যে অবিলম্বে হালনাগাদ তালিকা প্রণয়করতঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং;<br>খ) বামনা সদর ইউনিয়নে প্রয়োজনবোধে ক্রয়কৃত জমিতে (খাস জমি পাওয়া না গেলে) কিছু ঘর বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>২) চেয়ারম্যান, বামনা উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত জীপগাড়ির মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ব্যবহারযোগ্য টাকার অতিরিক্ত অর্থ ব্যয়ের অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>৩। বুকাবুনিয়া ইউনিয়নের শিংড়াবুনিয়া গ্রামের অনিল দাস-এর ক্ষতিগ্রস্থ পরিবারকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা) আর্থিক সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) চেয়ারম্যান, **উপজেলা পরিষদ**<br>(২) উপজেলা নির্বাহী অফিসার<br>(৩) **উপজেলাপ্রকৌশলী** |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২. | উপজেলা প্রকৌশল বিভাগ | ১) সভায় উপজেলা প্রকৌশলী উল্লেখ করেন যে, ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংস্কার কাজ বাস্তবায়নের জন্য ০৪টি ইউনিয়নের অনুকূলে বরাদ্দকৃত মেরামত কাজের লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হয়েছে। এছাড়া আশ্রয়ন-২ প্রকল্পের আওতায় মুজিব বর্ষের গৃহের সুরক্ষার জন্য অনুরূপভাবে লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হয়েছে। হাট-বাজারের স্কীম/প্রকল্প প্রস্তাবনার উপরে অবিলম্বে সভা আহ্বানের মাধ্যমে বিধি মতে অনুমোদনের পদক্ষেপ গ্রহণ করা হবে। | ক) ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংস্কার কাজসহ আশ্রয়ন-২ প্রকল্পের প্যালাসাইডিং এর কাজ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে অনুরোধ করা হয়। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>(২) উপজেলা নির্বাহী অফিসার<br>(৩) উপজেলাপ্রকৌশলী |
| ০৩. | চেয়ারম্যান, ১নং বুকাবুনিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বুকাবুনিয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, বুকাবুনিয়া বাজার সংলগ্ন পরিত্যক্ত গোডাউনটি অপসারণের মাধ্যমে মাল্টিপারপাস (Multipurpose) ভবন নির্মাণের কার্যক্রম বাস্তবায়নের জন্য পদক্ষেপ গ্রহণ করা জরুরী। বিষয়টি ত্বরান্বিত করার জন্য পুনরায় সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসারের সদয় দৃষ্টি আকর্ষণ করেন। | ক) জেলা প্রশাসক, বরগুনা মহোদয়ের নিকট প্রেরিত কনডেমনেশন-এর প্রস্তাবনা স্থানীয় সরকার বিভাগে প্রেরণের লক্ষ্যে জেলা প্রশাসকের কার্যালয়ের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করতে হবে। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>(২) উপজেলা নির্বাহী অফিসার<br>(৩) উপজেলা প্রকৌশলী |
| ০৪. | চেয়ারম্যান, ২নং বামনা সদর ইউনিয়ন পরিষদ | সভায়, বামনা সদর ইউনিয়ন চেয়ারম্যান জানান যে, সোনাখালী বাজার সংলগ্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশ্ববর্তী কয়েকটি পরিবারের চলাচলের জন্য রাস্তা নির্মাণসহ পানি নিষ্কাশনের জন্য খাল খননের জন্য অবিলম্বে প্রস্তাবিত জায়গায় সরেজমিন পরিদর্শনসহ উপযোগী কোন স্কীম দাখিলের মাধ্যমে বাস্তবায়ন করা প্রয়োজন। | সোনাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন সীমানা প্রাচীরের বাইরে চিহ্নিত জায়গা দিয়ে অবিলম্বে রাস্তা নির্মাণ ও খাল খনন কাজ বাস্তবায়ন করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসার, বামনা।<br>২) উপজেলা প্রকৌশলী<br>৩) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৪) চেয়ারম্যান, বামনা সদর ইউনিয়ন পরিষদ |
| ০৫. | চেয়ারম্যান, ৩নং রামনা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৩নং রামনা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, রামনা ইউনিয়নের ভূমি অফিস নির্মাণের লক্ষ্যে চিহ্নিত স্থানে ক্ষতিগ্রস্থ পরিবারের অনাপত্তির প্রেক্ষিতে জমির প্রাপ্যতা সাপেক্ষে প্রস্তাব বিবেচনার লক্ষ্যে সরেজমিন পরিদর্শনের জন্য সভার সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br>তিনি সভার আরও উল্লেখ করেন যে, রামনা-ফুলঝুড়ি আন্তঃজেলা খেয়াঘাটের ইজারালব্দ টাকার ৫% অর্থ সংশ্লিষ্ট অধিক্ষেত্রের ইউনিয়ন পরিষদের অনুকূলে প্রদানের বিধান থাকলেও জেলা পরিষদ হতে তা পাওয়া যায় না। এজন্য জেলা পরিষদ, বরগুনা মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করেন। | ক) রামনা ইউনিয়নে ইউনিয়ন ভূমি অফিস নির্মাণের লক্ষ্যে চিহ্নিত স্থান অবিলম্বে সরেজমিন পরদর্শন করতঃ কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে; এবং<br>খ) ইউনিয়ন পরিষদ হতে প্রস্তাব প্রাপ্তির পর ইউনিয়ন পরিষদের হিস্যা অনুযায়ী আন্তঃজেলা খেয়াঘাটের অর্থ প্রদানের জন্য জেলা পরিষদকে অনুরোধ জনাতে হবে। | ১)চেয়ারম্যান, রামনা ইউনিয়ন পরিষদ<br>২) সহকারী কমিশনার (ভূমি) এর প্রতিনিধি কানুনগো ও সার্ভেয়ার, বামনা |
| ০৬. | চেয়ারম্যান, ৪নং ডৌয়াতলা ইউনিয়ন পরিষদ | ৪নং ডৌয়াতলা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, ডৌয়াতলা ইউনিয়নে ২৬টি টিউবওয়েলের প্লাটফর্ম অদ্যাবধি তৈরি করা হয়নি। এগুলো দ্রুত বাস্তবায়ন করা প্রয়োজন। এছাড়া মুজিব বর্ষে আশ্রয়ন-২ প্রকল্পের আওতায় ভূমিহীন ও গৃহহীনদের জন্য রামনা ও ডৌয়াতলা ইউনিয়নের সংযোগস্থলে নির্মিত গৃহের ন্যায় কাটাখালী হাটের পরিত্যক্ত ও অব্যবহৃত জরাজীর্ণ ব্যারাক অপসারণপূর্বক গৃহ নির্মাণ করার জন্য সভাপতি ও নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | ক) ডৌয়াতলা ইউনিয়নসহ অন্যান্য ইউনিয়নে স্থাপনকৃত টিউবওয়েলগুলোর প্লাটফর্ম করার জন্য **উপজেলা জনস্বাস্থ্য বিভাগের মাধ্যমে দ্রুত বাস্তবায়নের অনুরোধ জানাতে হবে; এবং**<br>**খ)** ভূমিহীন ও গৃহহীনদের জন্য আশ্রয়ন-২ প্রকল্পের আওতায় গৃহ নির্মাণের জন্য কাটাখালী হাটের পরিত্যক্ত ও অব্যবহৃত জরাজীর্ণ ব্যারাক অপসারণপূর্বক গৃহ নির্মাণের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, ডৌয়াতলা ইউনিয়ন পরিষদ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭. | উপজেলা স্বাস্থ্যও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি জানান যে, হাসপাতালে নিয়মিত এক্স-রে হচ্ছে, প্যাথলজি বিভাগ চালু রয়েছে। মাঝে মাঝে অনেক রোগী আসে এজন্য জরুরী বিভাগের সম্প্রসারণ করা প্রয়োজন এবং একটি ওয়াশ রুম করার প্রস্তাব করেন। | ক) বামনা স্বাস্থ্য কমপ্লেক্স এর সেবার মান ও রোগীদের সুবিধাদি বৃদ্ধির লক্ষ্যে জরুরী বিভাগের সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করতে হবে; এবং<br>খ) উপজেলা পরিষদের রাজস্ব উন্নয়ন তহবিল হতে ওয়াশরুম করার সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>(২) উপজেলা নির্বাহী অফিসার<br>(৩) উপজেলা প্রকৌশলী<br>(৪) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| ০৮. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, কৃষকদের মাঝে প্রণোদনার মাধ্যমে কৃষি উপকরণ সার ও বীজ বিতরণ ঈদের পূর্বেই সম্পন্ন করা হয়েছে। বিভাগের স্বাভাবিক কার্যক্রম চলমান। | সরকারি স্বাভাবিক কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে এবং সেবার মান বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয়তার নিরীখে মাঠপর্যায়ে কর্মরত জনবলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা কৃষি অফিসার |
| ০৯. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | **সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে,** ডৌয়াতলা ও রামনা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সীমানা প্রাচীর নির্মাণের বরাদ্দ পাওয়া গিয়েছে। অবিলম্বে কাজ বাস্তবায়িত হবে | প্রাক্কলন মোতাবেক সীমানা প্রাচীর নির্মাণের জন্য সংশ্লিষ্ট ঠিকাদার/কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১০. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | সভায় উপজেলা প্রাণিসম্পদ **কর্মকর্তা জানান** যে, ইতোমধ্যে প্রাণিসম্পদ বিভাগে বেশকিছু জনবল প্রদান করা হয়েছে। সেবার মান বৃদ্ধির লক্ষে কাজ চলছে। সরকারি বিভাগীয় কার্যক্রম চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন পরিচালনা নিশ্চিত করতে করবে। | উপজেলা নির্বাহী অফিসার |
| ১১. | উপজেলা মৎস্য বিভাগ | **মৎস্য বিভাগের প্রতিনিধি জানান যে,** বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায় নিশ্চিত করতে করবে। | উপজেলা মৎস্য অফিসার, বামনা |
| ১২. | উপজেলা শিক্ষা বিভাগ | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) সভায় জানান যে,** স্বাভাবিক কার্যক্রম চলমান। সোনাখালী প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর সম্পূর্ণকরার লক্ষ্যে সংশোধিত প্রস্তাব অনুমোদনের নিমিত্ত উপজেলা প্রকৌশলী বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন। | সোনাখালী প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণ সম্পন্ন করার লক্ষ্যে সংশোধিত প্রস্তাব অনুমোদনেরে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১)উপজেলা শিক্ষা অফিসার<br>২) উপজেলা প্রকৌশলী |
| ১৩. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | **উপজেলা একাডেমিক সুপারভাইজার সভায় জানান যে,** বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। শীঘ্রই UGDP এর প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করতে হবে। | UGDP এর অর্থায়নে পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম অবিলম্বে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>খ) উপজেলা নির্বাহী অফিসার |
| ১৪. | উপজেলা সমাজ সেবা বিভাগ | সভায় উপজেলা সমাজসেবা অফিসের সেবার মান নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং অসন্তোষ প্রকাশ করা হয়। সেবার মান বৃদ্ধির লক্ষ্যে অফিসকে স্বচ্ছ ও গতিশীল করাসহ অভিযোগের সাথে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীদের অন্যত্র বদলীর জন্য বলা হয়। | সেবাগ্রহীতাদের সাথে ভাল ব্যবহারসহ সেবামূখী করার লক্ষ্যে উত্থাপিত অভিযোগ খতিয়ে দেখে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | **উপজেলা সমাজ সেবা অফিসার** |
| ১৫. | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | **সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উল্লেখ করেন যে,** বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে। | **১। উপজেলা মহিলা বিষয়ক অফিসার** |
| ১৬. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় উল্লেখ করেন যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে। | **ক) উপজেলা সমবায় অফিসার** |
| ১৭. | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ** | **সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের প্রতিনিধি জানান হয় যে,** ২০২১-২২ অর্থ বছরে টিআর কাবিটার ১ম পর্যায়ের কাজ সমাপ্ত হয়েছে। ৪০ দিনকর্মসূচির বিল শ্রীঘ্রই মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পাওয়া যাবে। ইতোমধ্যে | ক) টি.আর, কাবিটা/কাবিখা ও ৪০ দিনসহ সকল বরাদ্দের অনুকূলে বিভাজন অনুযায়ী স্কীম/প্রকল্প প্রস্তাবনা দাখিলের | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>(২) উপজেলানির্বাহী অফিসার<br>(৩) উপজেলা প্রকল্প |

| | | | | |
|---|---|---|---|---|
| | | টিআর, কাবিটার ২য় ও কোন কোন ক্ষেত্রে ৩য় কিস্তির বরাদ্দ পাওয়া গিয়েছে। অবিলম্বে স্কীম/প্রকল্প প্রস্তাব পাওয়া প্রয়োজন।<br>এছাড়া বীর মুক্তিযোদ্ধাদের জন্য ২৪টি 'বীর নিবাস' নির্বাচনের দরপত্র আহ্বান করা হয়েছে। ০৬টি করে ০৪টি প্যাকেজে দরপত্র আহ্বান করতঃ যথাযথভাবে কাজ বাস্তবায়ন করতে হবে। | জন্য পুনরায় তাগিদ প্রদান করেতে হবে; এবং<br>খ) ২৪ টি 'বীর নিবাস' নির্মাণের কার্যক্রমের টেন্ডার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। | বাস্তবায়ন অফিসার |
| ১৮. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | **উপজেলা যুব উন্নয়ন** কর্মকর্তা **সভায় জানান যে,** যুব প্রশিক্ষণ (মৎস্য চাষ, হাঁস-মুরগী, গবাদী পশু পালন) ও ঋণ কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর মত চলছে। | বিভাগীয় কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৯. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | **উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, ইউরোসপো প্রকল্পের আওতায় গ্রামীণ পর্যায়ে পিছিয়ে পড়া নারী ও শিক্ষার্থীদের জন্য প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে গড়ে তোলার নিমিত্ত রামনা শের-ই-বাংলা মাধ্যমিক বিদ্যালয় ও বুকাবুনিয়া আদর্শ মাধ্যমিক বিদ্যালয় নির্বাচন করা হয়েছে। শীঘ্রই প্রশিক্ষণ** কার্যক্রম বাস্তবায়িত হবে। | **ইউরোসপো প্রকল্পের আওতায় প্রশিক্ষণ** কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার,<br>২।উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ২০. | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | **উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, জানান যে,** টিউবওয়েরের প্লাটফরমে কাজের ঠিকাদারকে অতি দ্রুত কাজটি সমাপ্তি করার জন্য অনুরোধ জানান।<br>প্রাসঙ্গিক আলোচনায় উল্লেখ করা হয় যে, মুজিব বর্ষ উপলক্ষ্যে চাহিদাকৃত টিউবওয়েলসমূহের বাস্তবায়নকাজ অবিলম্বে বাস্তবায়িত হবে। | ১। ২০২০-২০২১অর্থ বছরে স্থাপিত গভীর নলকূপ এর প্লাটফর্ম সংশ্লিষ্ট ঠিকাদারকে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে কাজ সম্পূর্ণ করে অত্র দপ্তরে প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হয়।<br>২। মুজিব বর্ষ উপলক্ষ্যে গৃহহীন ও ভূমিহীন পরিবারের সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে অবিলম্বে টিউবওয়েল সংযোগ নিশ্চিত করতে হবে। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>(২) উপজেলা নির্বাহী অফিসার<br>(৩)উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী<br>(৪) সংশ্লিষ্ট ঠিকাদার |
| ২১. | ভারপ্রাপ্তকর্মকর্তাএসএফপিসি বনবিভাগ | **ভারপ্রাপ্ত কর্মকর্তা এসএফপিসি বন জানান যে,** ৩নং রামনা ইউনিয়নের চেয়ারম্যান তার ইউনিয়নের বন বিভাগ কর্তৃক রাস্তার পার্শ্বে যে সমস্ত বাগান সৃজন করা হয়েছে এবং টেন্ডার বিক্রয় করা হচ্ছে সে সমস্ত বাগানের বিক্রিত লভ্যাংশের ৫% অর্থ পাওয়ার জন্য উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটির সভাপতির বরাবর আবেদন করেছেন। আবেদনখানা সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বলেন বিধি মোতাবেক বিক্রিত গাছের লভ্যাংশ হিস্যা ৫% ইউনিয়ন পরিষদ প্রাপ্য। তবে কিছু কিছু বাগানে তৎসময়ে চুক্তিপত্র করা হয় নাই। এছাড়া সবুজ বেষ্টনী প্রকল্পের বাগানে ইউনিয়ন পরিষদের কোন লভ্যাংশ রাখা হয় নাই তবে এনজিওদের ১৫% লভ্যাংশ চুক্তিপত্রে দেখা যায় অথচ উক্ত বাগানে এনজিও সম্পৃক্ত নাই। যে সকল বাগানে এনজিও সম্পৃক্ত নেই সেই ১৫% অংশ থেকে এবং যে বাগানে চুক্তিপত্র নাই সে বাগান থেকেও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে ৫% লভ্যাংশ বন বিভাগের অনাপত্তি প্রদান সাপেক্ষে প্রদানের বিষয়টি বিবেচনা করা যেতে পারে এবং বাকী ১০% অর্থ টিএফএফ ফান্ড/সরকারি রাজস্ব থাকে জমা প্রদান করা যেতে পারে এ বিষয়ে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষ বিভাগীয় বন কর্মকর্তা, উপকূলীয় বন বিভাগ, পটুয়াখালী বরাবার পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশসহ প্রেরণ করা যেতে পারে। | রামনা ইউনিয়নের বন বিভাগ কর্তৃক রাস্তার পার্শ্বে যে সমস্ত বাগান সৃজন করা হয়েছে এবং টেন্ডার বিক্রয় করা হচ্ছে সে সমস্ত বাগানের বিক্রিত লভ্যাংশের ৫% অর্থ ইউনিয়ন পরিষদের অনুকূলে প্রদানের লক্ষ্যে সদয় বিবেচনার জন্য বিভাগীয় বন কর্মকর্তা, উপকূলীয় বন বিভাগ, পটুয়াখালী বরাবার প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) বিভাগীয় বন কর্মকর্তা, উপকূলীয় বন বিভাগ, পটুয়াখালী<br>(২) **উজেলা নির্বাহী অফিসার, ও সভাপতি, উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটি, বামনা।** |
| ২২. | উপজেলা হিসাবরক্ষণ বিভাগ | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা জানান যে, অফিসিয়াল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে অব্যাহত রাখতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩. | উপজেলা আনসার ভিডিপি অফিস | সভায় উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, সরকারি কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। আনসার ব্যারাক নির্মাণের কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করা দরকার। | বিভাগীয় কার্যক্রম যথাযথ বাস্তবায়ন করতে হবে এবং আনসার ব্যারাক নির্মাণের কার্যক্রম মনিটরিং নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকৌশলী, বামনা।<br>৩। উপজেলা আনসার ভিডিপি অফিসার |
| ২৪. | উপজেলা খাদ্য বিভাগ | **সভায় উপজেলা খাদ্য বিভাগ প্রতিনিধি** জানান যে, সরকারি স্বাভাবিক কার্যক্রম চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বামনা। |
| ২৫. | উপজেলা দারিদ্র বিমোচন অফিস | **উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা** জানান যে, সরকারি স্বাভাবিক কার্যক্রম চলমান। বাস্তবায়ন পর্যায়ে কোন সমস্যা নেই। | সরকারি নির্দেশনা মোতাবেক বিতরণকৃত ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার |
| ২৬. | ইন্সট্রাক্টর ইউআরসি | **ইন্সট্রাক্টর ইউআরসি সভায় জানান** যে, ইউআরসি অফিসের সামনে একটি ডোবা আছে। জোয়ারের পানি প্রবেশ করে। রিং দিয়ে বালু অথবা মাটি দিয়ে ডোবাটি ভরাট করা প্রয়োজন। | ইউআরসি অফিসের সামনের ডোবাটি স্কীম নিয়ে ভরাট করা যেতে পারে। | ইন্সট্রাক্টর, ইউআরসি |
| ২৭. | আমার বাড়ি আমার খামার ও পল্লী সংঞ্চয় ব্যাংক | **সভায় ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে,** বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। তবে সামনে বর্ষা মৌসুমে অফিস প্রাঙ্গনে জলাবদ্ধতা নিরসনের জন্য প্রকল্প দাখিলের জন্য ইউনিয়ন চেয়ারম্যান, বামনা সদর ইউনিয়ন পুনরায় দৃষ্টি আকর্ষণ করেন। | **অফিসের সম্মুখের জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ বাস্তবায়নের জন্য ইউনিয়ন পরিষদ, বামনা সদর ইউনিয়নের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।** | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২।ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৮. | তথ্য আপা | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প সভায় জানান যে, উঠান বৈঠকসহ সরকারি দাপ্তরিক কার্যক্রম যথারীতি চলমান। | **ক) উঠান বৈঠক সফল করার জন্য জনপ্রতিনিধিদের সম্পৃক্ততা আরও ফলপ্রসু করতে হবে।** | ১। উপজেলানির্বাহী অফিসার<br>২। তথ্য আপা |
| ২৯ | উপজেলা পল্লী বিদ্যুৎ বিভাগ | গত সভায় পল্লী বিদ্যুৎ বিভাগের সহকারী ব্যবস্থাপক (বামনা) জানান যে, উপজেলা পরিষদের ৮টি কোয়ার্টারসহ সকল দপ্তরের বকেয়া বিদ্যুৎ বিল রয়েছে। অবিলম্বে এ বিল পরিশোধের লক্ষ্যে সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | ক) উপজেলা পরিষদের কোয়ার্টারের বকেয়া বিদ্যুৎ বিল সংশ্লিষ্ট কোয়ার্টারের এলোটিবৃন্দ এবং সংস্থা/বিভাগের বকেয়া বিল সংশ্লিষ্ট বিভাগ অবিলম্বে পরিশোধের উদ্যোগ গ্রহণ করবে। | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ বিভাগ, বামনা |
| ৩০. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | ইউডিএফ সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকেল্পর আওতায় অনুমোদিত ০৪টি প্রকল্প দরপত্র আহ্বান করা হয়েছে। আগামী ১৩/০৪/২০২২খ্রি. তারিখে দরপত্র উন্মুক্ত করা হবে। ৪টি প্রকেল্পর মধ্যে ১টি প্রকল্প হলো গাজীর পুল ও ডৌয়াতলা বাসস্ট্যান্ডে যাত্রী ছাউনী নির্মাণ। উক্ত প্রকল্পের জন্য স্থান নির্বাচন করা প্রয়োজন। এ লক্ষ্যে চেয়ারম্যান মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান। এছাড়া পঞ্চম পর্যায়ে ০৮টি সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণের মধ্যে ইতোমধ্যে ০৫টি সমাপ্ত হয়েছে এবং অবশিষ্ট ০৩টি প্রশিক্ষণ দ্রুত বাস্তবায়ন করতে হবে। যে সকল দপ্তরের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে সে সকল দপ্তরের দপ্তর প্রধানগণ অবিলম্বে বিল ভাউচার সমন্বয় করবেন। | ক) সরেজমিনে গিয়ে গাজীর পুল ও ডৌয়াতলা বাসস্ট্যান্ডে যাত্রী ছাউনীর স্থান নির্বাচন করা হবে।<br>খ) সংশ্লিষ্ট দপ্তরের দপ্তর প্রধানবৃন্দ প্রশিক্ষণ কর্মশালার বিল ভাউচার সমন্বয় করবেন। | (১) উপজেলা নির্বাহী অফিসার<br>(২) ইউডিএফ, ইউজিডিপি |
| ৩১. | পানি উন্নয়ন বোর্ড | পানি উন্নয়ন বোর্ড এর প্রতিনিধি সভায় জানান যে, স্লুইজ গেইটসমূহের রক্ষণাবেক্ষণ ও পরিচালনার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের নিকট হতে সমন্বিতভাবে প্রস্তাব পাওয়া দরকার। | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ তার স্ব স্ব অধিক্ষেত্রের স্লুইজ গেইটের সংখ্যা নির্ধারণপূর্বক অবিলম্বে | উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | কমিটি গঠনকরতঃ উপজেলা পরিষদকে অবহিত করতে হবে। | |
| ৩২. | বিএডিসি সেচ | উপসহকারী প্রকৌশলী সভায় জানান যে, এসএসিপি প্রকল্প চালু আছে। এ প্রকল্পে খাল পুনঃখনন, ভূগর্ভস্থ সেচনালা ও বক্সকালভাট করা হয়। দীর্ঘ দিন বামনাতে অফিসার না থাকায় কাজ অনেকটা পিছিয়ে পড়েছে। গত বছরের কিছু কাজ শুরু করা হয়েছে। ডৌয়াতলা ইউনিয়নের ০২টি ছোট ইউড্রেনের কাজ শুরু হয়েছে। এছাড়া বড়যাদবপুরা বীজ সংরক্ষণের জন্য একটি গোডাউন করা হয়েছে। বোরো ধানের জন্য পানি লাগবে এরকম খাল থাকলে আমারা খনন করে দিতে পারবো। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে অব্যাহত রাখতে হবে। | উপসহকারী প্রকৌশলী বিএডিসি সেচ |
| ৩৩. | | সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনা | | |
| ৩৪. | | মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর আলোচনা | | |
| ৩৫. | বিবিধ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভায় জানান যে, অত্র উপজেলা পরিষদ কর্যালয়ে কর্মরত মোঃ নাজমুল হুদা, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, মোঃ রাসেল মুসুল্লী, গাড়ি চালক উপজেলা পরিষদ, বামনা, বরগুনা এর চাকুরীকাল ১৬/০৪/২০২২খ্রি. তারিখ ১০(দশ) বছর পূর্ণ হওয়ায় উচ্চতর গ্রেড পাওয়ার জন্য ১৬/০৪/২০২২খ্রি. তারিআবেদন করেন। এমতাবস্থায়,জাতীয় বেতন স্কেল/২০১৫ এর অনুচ্ছেদ ৭(১) অনুযায়ী এবং বাস্তবায়ন অনুবিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২১/০৯/২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৬১. ০০. ০০২. ১৬ (অংশ-১)-২৩২ নং পরিপত্রের অনুচ্ছেদ (গ) উপানুচ্ছেদ (৩) এর নির্দেশনা মোতাবেক কোন কর্মচারী পদোন্নতি ব্যতিরেকে একই পদে ১০ (দশ) বছর পূর্তিতে চাকুরীকাল সন্তোষজনক হওয়া সাপেক্ষে স্বয়ংক্রিয়ভাবে ১১তম বছরে পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্য হবেন। সে মোতাবেক উক্ত কর্মচারীরগণ ১৬/০৪/২০২২ খ্রি. হতে উচ্চতর গ্রেড প্রাপ্য। জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী তাঁকে পরবর্তী উচ্চতর গ্রেড প্রদানপূর্বক ১০,২০০-২৪,৬৮০/- টাকার বেতনক্রম হতে ১১,০০০-২৬,৫৯০/- টাকার বেতনক্রম (১৪ তম গ্রেড হতে ১৩তম গ্রেডে) ও ৯,৩০০-২২,৪৯০/- টাকার বেতনক্রম হতে ৯,৭০০-২৩,৪৯০/- টাকার বেতনক্রম (১৬ তম গ্রেড হতে ১৫তম গ্রেডে)উচ্চতর স্কেল মঞ্জুর করার বিষয়ে সভায় বিশদ আলোচনা করা হয়। | সরকারি আর্থিক বিধি বিধান এর আলোকে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **(১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ (২) উপজেলা নির্বাহী অফিসার** |

**৩। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।**

**(মোঃ সাইতুল ইসলাম লিটু)**
চেয়ারম্যান
উপজেলাপরিষদ
বামনা, বরগুনা।

স্মারক নং-০৫.১০.০৪১৯.০০৩.০৬.০০৩.২২- ১৬৪ তারিখ: ২৭-০৪-২০২২ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। জনাব শওকত হাচানুর রহমান রিমন, মাননীয় সংসদ সদস্য, ১১০-বরগুনা-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, বামনা, বরগুনা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল।
৫। জেলা প্রশাসক, বরগুনা।
৬। উপজেলা ........................................................ কর্মকর্তা, বামনা, বরগুনা।
৭। সহকারী প্রোগ্রামার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বামনা, বরগুনা (তাঁকে সভার কার্যবিবরণী উপজেলার ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয়ব্যবস্থাগ্রহণেরঅনুরোধসহ)।
৮। চেয়ারম্যান, বুকাবুনিয়া/বামনা/রামনা/ডৌয়াতলা ইউনিয়ন পরিষদ, বামনা, বরগুনা।
৯। জনাব ..............................................................

২৭/০৪/২০২২
(বিবেক সরকার)
মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
বামনা, বরগুনা।